



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি জে, সেক্টর-২, সল্টলেক সিটি,

কলকাতা-৭০০ ০৯১

নং -এল/পিআর/৮১/১৭

তারিখ: ১৯/০৫/২০১৭

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের পক্ষ থেকে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে -

- ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর ১৫ দিনের (অর্থাৎ ১৪ জুন ২০১৭) মধ্যে নিয়মানুযায়ী কেবলমাত্র On Line-এ PPS/PPR-এর জন্য আবেদন করা যাবে। সংসদের নিজস্ব Website : www.wbchse.nic.in এর সাথে PPS/PPR সংক্রান্ত Website-টির Link থাকবে।
- খ) PPS/PPR-এর ফর্ম পূরণ করার পর নির্ধারিত অর্থ ব্যাঙ্ক চালান মারফত জমা না দিলে পূরণ করা Application ফর্ম বৈধ বলে গণ্য হবে না।
- গ) ডাক যোগে PPS/PPR-এর Application গ্রহণ করা হবে না।
- ঘ) **PPS/PPR-এর আবেদন এবং একই সঙ্গে RTI Act অনুসারে লিখিত উত্তরপত্র দেখা বা দেওয়ার আবেদন না করা বাঞ্ছনীয়। PPS/PPR এর ফলাফল প্রকাশ হবার পরেই RTI অনুযায়ী আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।** এর দ্বারা **PPS/PPR** এর আবেদন অনুযায়ী (উভয় ধরনের) ব্যবস্থা করার ক্ষেত্রে জটিলতা ও বিলম্ব এড়ানো সম্ভব হবে।
- ঙ) PPS/PPR-এর ফলাফল দ্রুত ঘোষণা করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অতএব PPS/PPR-এর ফলাফল জানার পরও পরীক্ষার্থীর অসন্তুষ্টি থাকলে RTI Act অনুসারে লিখিত উত্তরপত্রের জন্য আবেদন করা যাবে।
- চ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার ৬ (ছয়) মাস পর্যন্ত RTI Act অনুসারে লিখিত উত্তরপত্র চাইবার আইনগত সংস্থান রয়েছে।

সংসদের পক্ষ থেকে পরীক্ষার্থীদের উল্লিখিত পর্যায়গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সভাপতি

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ